
# SITE PLAN
## OF
## PORTION OF C.S. PLOT No. 863/130
MOUJA ARAKPUR. J.L. No. 39. P.S. TOLLYGUNGE, DT. 24 PARGANAS.

SCALE - 50' = 1"

SOLD AREA (SHOWN IN RED) - 4 KATTAH 8 CHATTAK 37 SFT




SURVEYED & DRAWN BY

B. Roy.

12. 5. 56

Scanned with CamScanner

Plan attached

In Book No ... 1 ...

Volume No ... 29 ...

Pages 9 ... to ...

Being No ... 1726 ...

For the Year 19 56

Joint Sub-Registrar of
Alipore at Behala.

25.5.56

I 1726 200Rs.

INDIA NON JUDICIAL

২০০রু. Rs 200

भारत

दो सौ रुपया TWO HUNDRED RUPEES

23

90

114/—

Paid ... 114/—

Total ... 205/—

Sub-Registrar of

Alipore at

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা

মূল্য ৫৭০০ পাঁচ হাজার সাত শত টাকা

| কোবালা গ্রহীতা | কোবালা দাতা |
|---|---|
| শ্রীমতি আভারাণী কর<br>পত্নি শ্রী দীনেশ চন্দ্র কর<br>জাতি হিন্দু, পেশা গৃহস্থালী<br>পূর্ব সাকিন গ্রাম সফদি, থানা<br>চাঁদপুর, জেলা ত্রিপুরা, বর্তমান<br>সাং ৪৫এ রাসবিহারী এভিনিউ,<br>থানা টালিগঞ্জ, জেলা ২৪ পরগণা | শ্রী প্রফুল্ল কুমার বসু, পিতা ৺শশী কুমার<br>বসু জাতি হিন্দু, পেশা চাকুরী হাং<br>সাং ৭৪ নং বন্ডেল রোড, থানা<br>বালিগঞ্জ, জেলা ২৪ পরগণা |

ক্রমশ

No. 1245
Sold to Sm. Avarani Kar
of 45A, Rash Behari Avenue Tallygunge
For Rs 200/- G.C. Lapinde
Date 8.5.56 Stamp Clerk
24-Parganas Treasury Alipur.

1245 = Rs 200-0-0
1246 = Rs 5-0-0
Rs 205-0-0

Presented for Registration at 12.45 A.M./P.M
on the 14th day of May 1956 at the
office of the Joint Sub-Registrar of Alipore
at Behala by Prafulla Kumar Bose
Executant / claimant / attorney for
Prafulla Kumar Bose

Joint Sub-Registrar of
Alipore at Behala
14/5/56

Prafulla Kumar Bose

Execution is admitted

By Prafulla Kumar Bose
Son of Late Shoshi Kumar Bose
of 74 Bondel Road
Thana Ballygunge District 24 Parganas
By caste Hindu By profession Legal Practitioner
Personally known to me


By ...
Son of / Wife of ...
of ...
Thana ... District ...
By caste ... By profession ...

Joint Sub-Registrar of
Alipore at Behala
14/5/56

Scanned with CamScanner

19

5 RS






করা নিম্ন তপশীলে বিশেষ ভাবেবর্ণিত /৪।।৩৭ স্কোয়ার ফিট পরিমাণ স্থিতিবান রায়তি স্বত্বের জমাজমি বিক্রয়ের নিঃস্বত্ব সাফ কোবালা পত্রমিদং কার্য্যঞ্চ আগে — জেলা ২৪ পরগণা কালেক্টারীর ১৫১ নং তৌজির মালিক জমিদার বাহাদুর সিং সিংহী দিং আধিন ও ১৫২ নং তৌজির মালিক জমিদার স্বর্ণময়ী দাসী দিং আধিন জেলা ২৪ পং থানা সদর টালিগঞ্জ ডাকাধীন মৌজে আবুলকপুর মধ্যে অংশে অংশে ঐক্য কাছিমদি মন্ডল ও তাহার ভ্রাতা মাধব পানি মণ্ডলের ৮৬৩/১৩০ দাগ ভুক্ত .৭০ শতক পরিমাণ একক্ষেত্র স্থিতিবান রায়তি স্বত্বের জমি নিযুক্ত থাকে। উক্ত .৭০ শতক জমির অর্দ্ধাংশ ১৫১ নং তৌজিভুক্ত জমি হইতেছে ও অবশিষ্ট অর্দ্ধাংশ ১৫২ নং তৌজিভুক্ত জমি হইতেছে এবং সেমতে ৮৬৩/১৩০ দাগে মোট .৭০ শতক জমির অর্দ্ধাংশ .৩৫ শতক ১৫১ নং তৌজির আধিন বার্ষিক ১৸২ পাই জমার ৬৯৮ নং খতিয়ানে রেকর্ড হইয়াছে ও অবশিষ্ট .৩৫ শতক জমি ১৫২ নং তৌজির অধিন বার্ষিক ১।।৶০ খানা জমার ৮০১ নং

Scanned with CamScanner

No. 1246
Sold to Smt. Avarani Kar
of 45 A, Rash Behari Avenue Ballygunge
For Rs 5/-
Date 8.5.56 Stamp Clerk
24-Parganas Treasury, Alipur.

Joint Sub-Registrar
Alipore

Scanned with CamScanner

নং খতিয়ানে রেকর্ড হইয়াছে। উক্ত কাছিমদ্দি মণ্ডলের ভ্রাতা মাধব আলি মণ্ডল নালমন বিবি ও জবেদা বিবি নামে দুই স্ত্রী ও নালমন বিবির গর্ভজাত সাহাদাত আলি মণ্ডল নামে এক নাবালক পুত্র ও খোদেজান বিবি নামে এক নাবালিকা কন্যা ও জবেদা বিবির গর্ভজাত আহাদাত আলি মণ্ডল নামে এক নাবালক পুত্র ও খুকা বিবি নামে এক নাবালিকা কন্যা বর্তমান রাখিয়া পরলোক গমন করিলে পর বিগত সেটেলমেন্ট জারিপ সমাগত হইলে উল্লিখিত ১৮২ পাই জমায় ও ১৷৷৶০ আনা মজার জমি যথাক্রমে ৬৯৮ ও ৮০১ নং খতিয়ানে কাছিমদ্দি মণ্ডল ও মাধব আলি মণ্ডলের উল্লিখিত ওয়ারিশান নালমন বিবির নামে রেকর্ড হইয়া তাহাদের স্বত্বের লিখন বিগত ১৯৩১ সালে চূড়ান্ত প্রচারিত হয়। কাছিমদ্দি মণ্ডল ও মাধব আলি মণ্ডলের ওয়ারিশগণ উল্লিখিত দুই জমায় জমিতে এজমালিতে স্বত্ববান দখলকার থাকাবস্থায় জনৈক কেরামত আলি মিনা সর্বপ্রথম ১৪।৩।৩৫ তারিখে কাছিমদ্দি মণ্ডলের স্বত্ব দখলী ৷৷০ আনা রকম অংশের জমি বেহালা রেজেষ্টারী আফিসের রেজেষ্টারীকৃত বুক ১, ভলুম ৯, ২২৩ হইতে ২২৮ পাতায় লিখিত ৫২৯ নং সাফ কোবালা দ্বারা খরিদ করে। পরে আলিপুর ডিষ্ট্রিক্ট জজ আদালতের ১৯৩৩ সালের ৮৫ নং ৮ আইনের মোকর্দমায় নালমন বিবির গর্ভজাত নাবালক পুত্র সাহাদাত আলি মণ্ডল ও নাবালিকা কন্যা খোদেজান বিবি পক্ষে তাহাদের মাতাসহ গোলাম নবী খাঁ অভিভাবক নিযুক্ত হন ও জবেদা বিবি তাহার গর্ভজাত নাবালক পুত্র আহাদাত আলি মণ্ডল ও নাবালিকা কন্যা খুকা বিবির পক্ষে অভিভাবিকা নিযুক্ত হন ও আদালতের ৬।৮।৩৫ তারিখ যুক্ত আদেশ মূলে উক্ত গোলাম নবী খাঁ ও জবেদা বিবি উল্লিখিত নাবালক নাবালিকাগণের পক্ষে

পক্ষে তাহাদের নিজ নিজ অংশীয় জমি বিক্রয় করার অনুমতি প্রাপ্ত হন। মোনতে ২৪।৯।৩৫ তারিখে গুলমন বিবি ও জবেদা বিবি তাহাদের নিজ নিজ অংশের জমি ও গোমানী খাঁ সাহাদাত আলি মণ্ডল ও খোদেজান বিবির অংশীয় জমি ও জবেদা বিবি সাহাদাত আলি মণ্ডল ও বুঁচী বিবির অংশীয় জমি উল্লিখিত কেরামত আলি মিনার নিকট সাফ বিক্রয় করে। মিনা সাহেবের নাম বরাবর তাহাদের দিয়ত কোবালা বেহালা রেজেষ্টারী অফিসে রেজেষ্টারীকৃত বুক ১, ভলুম ৩০, ১৭৩–১৮৮ পাতায় লিখিত ২১১২ নং কোবালা দাখিল হইতেছে। উপরোক্ত প্রকারে কেরামত আলি মিনা সাহেব নিম্ন ১১২ নং তপশীল বিশেষ ভাবে বর্ণিত ৬৯৮ ও ৮০১ নং খতিয়ানের অন্তর্গত ৮৬৩/১৩০ দাগ ভুক্ত মোট .৭০ শতক পরিমাণ স্থিতিবান রায়তি স্বত্বের জমি খরিদ করিয়া তাহাতে স্বত্ববান দখলকার থাকা অবস্থায় উক্ত ৮৬৩/১৩০ দাগ ভুক্ত .৭০ শতক পরিমাণ গোল খানা রকম জমিই বিগত ১৯।৯।৩৮ তারিখে আমার নিকট সাফ বিক্রয় করেন। আমার নাম বরাবর কেরামত আলি মিনা সাহেবের দিয়ত কোবালা আলিপুর সদর রেজেষ্টারী অফিসের রেজেষ্টারীকৃত বুক নং ১, ভলুম নং ৯৭, ৪৭ হইতে ৫২ নং পাতায় লিখিত ৩৮৩৮ নং দাখিল হইতেছে। কেরামত আলি মিনার নিকট হইতে উল্লিখিত জমি আদি ক্রয় করার কালে পণের কোন টাকা নগদ আদায় না দিয়া তাহার দিয়ত কোবালা রেজেষ্টারী হওয়া মতে ঐ ১৯।৯।৩৮ তারিখেই পণের টাকা আদায়ের নিমিত্ত আমি আমার খরিদা ৮৬৩/১৩০ দাগভুক্ত .৭০ শতক জমি প্রথম বন্ধকের দায়ে আবদ্ধ রাখিয়া তাহার নাম বরাবর আলিপুর সদর রেজেষ্টারী অফিসে রেজেষ্টারীকৃত বুক ১, ভলুম ৭১, ২৮৪ – ২৮৭ পাতায় লিখিত ৩৮৩৯,

৩৮৩৯ নং মর্টগেজ দলিল লিখিয়া পড়িয়া দেই। পরে পণের যোল আনা টাকা আদায় দেওয়ায় মেয়াদমত আলি মিনা আমার নাম বরাবর ২২।৭।৩৯ তারিখে এককেতা উপযুক্ত রিলিজ দলিল রেজেষ্টারী করিয়া দেন। এই রিলিজ দলিল ঐ আফিসের রেজেষ্টারীকৃত বুক ১, ভলুম ৭০, ২৩৪—২৩৬ পাতায় লিখিত ২৬৯৮ নং দলিল হইতেছে। প্রকাশ থাকে যে কছিমদ্দি মণ্ডল নিম্নের ৩ দফায় উল্লিখিত লোকজনদের তাহার অংশীয় কতক জমিতে অস্থায়ী ভাবে থাকার কারণ মৌখিক অনুমতি দেওয়ায় তাহারা তপশীলভুক্ত জমির কতক কতক অংশে ঐ অনুমতি সূত্রে কেবলমাত্র দখলকার ছিল। পরে নিম্ন প্রদর্শিত মত তাহারা আমার নাম বরাবর উপযুক্ত দলিল সম্পাদন করিয়া তাহাদের নিজ নিজ দখলে থাকা জমি আমার অনুকূলে ত্যাগ করিয়া স্থানান্তর হইয়া যায়।

| | দলিলের তাং ও প্রকার | দলিল দাতার নাম | দলিলের বিবরণ |
|---|---|---|---|
| ১। | ২৩।২।৩৯ একরারনামা | ১। আবদল বাসদ পিং মৃত সোবেদার মণ্ডল<br>২। জামিলা খাতুন পতি আবদুল রসিদ. | আলিপুর সদর রেজেষ্ট্রী অফিসের রেজেষ্টারীকৃত বুক ১, ভলুম ২২, ১২২—১২৪ পাতায় লিখিত ৯৮০ নং দলিল. |
| ২। | ৫।৫।৩৯ নাদাবি | ১। নছরদ্দিন পিং মৃত আব্বাছ ওস্তাগর<br>২। জামিলা খাতুন পতি নছরদ্দিন | ঐ আফিসের রেজেষ্টারীকৃত বুক ১ ভলুম ৪৯, ৮৩—৮৫ পাতায় লিখিত ১৫৪৬ নং দলিল। |
| ৩। | ২৮।৭।৩৯ নাদাবি | ১। বেলাত আলি মোল্লা পিতা মৃত দ্বারা বকস মোল্লা | ঐ আফিসের রেজেষ্টারীকৃত বুক ১ ভলুম ৭৩, ৯২—৯৩ পাতায় লিখিত ২৭৭৬ নং দলিল |

উপরোক্ত প্রকারে তপশীল বর্ণিত ৮৬৩/১৩০ দাগভুক্ত ·৭০ শতক জমি আমি ক্রয় করিয়া এবং খাস দখলে আনিয়া নিজ স্বত্বে ও অপরের বিরুদ্ধ স্বত্বে অন্যের বিনা সংশ্রবে কখনও বা চাষাবাদ করাইয়া কখনও বা খাস পতিত রাখিয়া নির্ব্বিবাদে ও

নিষ্কণ্টকে ভোগ দখল করিয়া আসিতেছি। বর্তমানে আমার স্বত্বদখলীয় খাস পতিত এই জমির কতকাংশ আমি বিক্রয় করিব বলিয়া ঘোষণা প্রকাশ করিলে আপনি ঐ দাগভুক্ত চিহ্নিত পরিমাণ ১৪।।৩৭ স্কোয়ার ফিট জমি বেলেমোক্তা ৫৭০০্ টাকা পণে ক্রয় করিতে সম্মত হন। এক্ষণে পণের সমস্ত টাকা আপনি আমাকে নগদ দস্ত বদস্ত বুঝাইয়া দেওয়ায় নিম্নে তাহার প্রাপ্তি স্বীকারে নিম্ন ১।২ নং তপশীলে বিশেষ ভাবে বর্ণিত চিহ্নিত মোট ১৪।।৩৭ স্কোয়ার ফিট পরিমাণ জমি যাহা অত্র সহ দাখিলী নক্সায় লাল বৃত্তে প্রদর্শিত হইয়াছে তাহা সহ তদুপরিস্থিত বৃক্ষাদি ও সর্বপ্রকার ইজমেন্ট স্বত্ব সমেত দরবস্ত হক হকুক আপনার নিকট সাফ বিক্রয় কবালা ও এই কোবালা সম্পাদনে স্বীকার অঙ্গীকার ঘোষণা ও প্রকাশ করিতেছি যে ঃ-

১। অদ্য হইতে তপশীল বিক্রীত সম্পত্তি হইতে সর্বতোভাবে আমি নিঃস্বত্ব হইলাম ও আপনি আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও ও দখলে দখলকারিণী হইলেন। আপনি পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলবর্তীগণক্রমে দান, বিক্রয়াদি সর্বপ্রকার হস্তান্তরাদি করিবার যাবতীয় অধিকারে অধিকারিণী থাকিয়া বিক্রীত সম্পত্তি নিব্যূঢ় স্বত্বে বেক্তা গোতা দালান ইমারতাদি নির্মাণ করতঃ পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। ইহাতে আমি কি আমার ওয়ারিশান স্থলবর্তীগণ কেহ কখনও কোন ওজর আপত্তি করিতে পারিব না কি পারিবে না।

২। উপরিস্থ মালিক সরকারে আপনি নিজ নামে জারি করতঃ সন সন খাজনাদি আদায়ে নিজ নামে চেক দাখিলাদিও লইতে পারিবেন।

৩। তপশীল সম্পত্তি বিক্রয় করিবার আমার উত্তম স্বত্ব রহিয়াছে। ইতিপূর্বে

Scanned with CamScanner

ইতিপূর্বে ইহা আমি কাহারও নিকট দান বিক্রয়াদি দ্বারা হস্তান্তর করি নাই কিংবা বন্ধকাদি দ্বারা আবদ্ধ রাখি নাই কিম্বা এরূপ কোন কার্য্যাদি করার জন্য কাহারও সহিত কোনরূপ চুক্তিতে আবদ্ধ নাই। বিক্রীত সম্পত্তির উপর কোন আদালতের কোন ক্রোক বা নিষেধাজ্ঞা জারি নাই বা ইতিপূর্বে তাহা খাজনার দায়ে বা আমার কোনরূপ দেনার দায়ে নিলাম বিক্রয় হয় নাই। এই সম্পত্তির উপর কাহারও কোন আরোপের দাবী নাই। ইহা কাহারও জামিনাতে আবদ্ধ সম্পত্তি নহে কিংবা এই সম্পত্তি বা তাহার কোন অংশ আমি দেবসেবাদি কার্য্যেও উৎসর্গ করি নাই। এই সম্পত্তি গভর্ণমেন্ট বা অন্য কোন পাবলিক বডি কর্তৃক এ্যাকোয়ার্ড হইবার সম্পর্কে কোন নোটিশাদি প্রচারিত হয় নাই বা আমার উপর কোন নোটিশও জারি হয় নাই। এই সম্পত্তির সহিত অপর কাহারও কোনরূপ স্বত্ব বা দখল সংশ্রব নাই, তপশীল বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে।

৪। আমার স্বত্বের কোন দোষাদোষে যদি আপনার খরিদা স্বত্বের বা দখলের কোনরূপ ক্ষতি বা হ্রাস লাঘব হয় কিংবা এই দলিলের লিখিত কোন উক্তি যদি, কখনও অমূলক, অসত্য বা তঞ্চকতা মূলক বলিয়া প্রকাশ পায় তাহা হইলে আমি তজ্জন্য সম্পূর্ণরূপে দায়ী রহিলাম ও আপনার যাবতীয় ক্ষতি পূরণ দিতে ওয়ারিশান স্থলাভিষিক্ত গণক্রমে আমি বাধ্য রহিলাম।

৫। এই দলিলে যদি কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তবে তাহা সংশোধনের কারণ বা আপনার খরিদা স্বত্ব বা দখল স্থিরতর বা দৃঢ়তর করার কারণ যদি অন্য কোন দলিলাদি আমাকে দিয়া আপনার করাইয়া লওয়ার প্রয়োজন হয় তাহা হইলে আপনার খরচে আমি আবশ্যকীয় দলিলাদি করিয়া

Scanned with CamScanner

করিয়া দিতে বাধ্য রহিলাম।

৬। বিক্রিত সম্পত্তির স্বত্বের দলিলাদি অন্যান্য সম্পত্তির সহিত জড়িত থাকায় ঐ সব দলিল আপনাকে আমি অর্পণ করিতে পারিলাম না। উহা আমার নিকট রহিল, এবং উহা উত্তম হেপাজতে রাখার জন্য আমি সম্পূর্ণরূপ দায়ী রহিলাম। আপনার প্রয়োজন মত উহা আপনার খরচায় আপনাকে দর্শাইতে বা যে কোন আদালতে উপস্থিত করিতে আমি বাধ্য রহিলাম।

৭। প্রকাশ থাকে যে ১৫২ নং তৌজি ভুক্ত ২ নং তপশীল সম্পত্তির উপরিস্থ মালিক জমিদারগণ এতাবৎকাল পর্যন্ত কোন খাজনাদি আদায় করেন নাই। রেকর্ড লিখিত মতে তাঁহারা ২ নং তপশীল সম্পত্তির মালিক জমিদার হইতেছেন।

৮। বিক্রিত সম্পত্তির লাগাও দক্ষিণে জল সহ দাখিলা নকসায় ১৬´ ফিট প্রস্থ পরিমান যে রাস্তার জাম প্রদর্শিত হইয়াছে ও বর্তমানে যাহার উপর দিয়া সর্ব সাধারণ চলাচল করিয়া থাকে তাহাতে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলবর্তীগণ ক্রমে আপনিও যানবাহনাদি সমেত চলাচল করিতে পারিবেন।

এতদর্থে পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলবর্তীগণক্রমে এই দলিলের যাবতীয় সর্তে ও উক্তিতে বাধ্য থাকিয়া সুস্থ শরীরে স্বেচ্ছায় সজ্ঞানে ও অন্যের বিনা উপরোধে নিজ নাম সহি দস্তখতে আপনার নাম বরাবর এই নিঃস্বত্ব বিক্রয় কোবালা দলিল আমি রেজেষ্টারী করিয়া দিলাম। ইতি সন ১৩৬৩ বাং সালের ৩১শে বৈশাখ মোতাবেক ইংরাজী সন ১৯৫৬ সালের ১৪ই মে।

১ নং তপশীল বিক্রীত সম্পত্তি

জেলা ২৪ পরগণা সবরেজেষ্টারী আলিপুর থানা সদর টালিগঞ্জ কলিকাতা

Scanned with CamScanner

কলিকাতা কর্পোরেশনের এলাকাধীন রেঃ সাঃ নং ৪২, তৌজি নং ১৫১, জেঃ এল্ নং ৩৯, মৌজা আড়িয়াপুর মধ্যে ঐ তৌজির বর্তমান মালিক জমিদার ৪৮ নং গাড়িয়াহাটা রোড নিবাসী শ্রী রাজেন্দ্র সিং সিংঘী দিং অধিনে বার্ষিক ১৮২ পাই জমার নিম্ন লিখিত দাগ খতিয়ানভুক্ত ·৩৫ শতাংশ পরিমাণ স্থিতিবান রায়তি স্বত্বের যে জমি উক্ত মালিকগণের সেরেস্তায় আমার নিজ নামে নিযুক্ত আছে তদন্তর্গত নক্সা সহ দাখিলী নক্সায় লাল বর্ণে চিহ্নিত মোট /৪।।৩৭ চারি কাঠা আট ছটাক সাঁইত্রিশ স্কোয়ার ফিট পরিমাণ জমির অর্দ্ধাংশ /২।১৮ দুই কাঠা চারি ছটাক আঠার স্কোয়ার ফিট জমি এই তপশীলের বিক্রীত জমি হইতেছে। উক্ত ১৮২ পাই জমার আমার কোন নথিক নাই। বিক্রীত জমির হারাহারি খাজনা, ৶৪ গণ্ডা — মূল্য ২৮৪০৲ দুই হাজার আট শত চল্লিশ টাকা। উহা কলিকাতা কর্পোরেশনের প্রেমিসস্ভুক্ত হইতেছে।

মৌজা আড়িয়াপুর খতিয়ান নং ৬৯৮

| দাগ নং | জেঃ মতে উত্তর সীমানা | জমির রকম | বিক্রীত জমি |
|---|---|---|---|
| ৮৬৩ আটশত তেষট্টি ১৩০ একশত ত্রিশ | নবাবজান | ডাঙ্গা | /২।১৮ দুই কাঠা চার ছটাক আঠার স্কোয়ার ফিট |

২ নং তপশীল বিক্রীত সম্পত্তি

জেলা ২৪ পরগণা সবরেজেস্টারী আলিপুর থানা সদর টালিগঞ্জ এলাকাধীন কলিকাতা কর্পোরেশনের অন্তর্গত রেঃ সাঃ নং ৪২, তৌজি নং ১৫২, জেঃ এল্ নং ৩৯ মৌজা আড়িয়াপুর মধ্যে উক্ত তৌজির মালিক জামদার বাওয়ালী নিবাসী নবকিশোর মণ্ডল দিগরের অধীনে বার্ষিক ১।।৶০ আনা জমার নিম্ন লিখিত দাগ খতিয়ানভুক্ত মোট ·৩৫ শতক স্থানীয় মাপে কমবেশ ১/১৶০ ছটাক পরিমাণ জমির অন্তর্গত নক্সা সহ দাখিলী নক্সায় লাল বর্ণে প্রদর্শিত চিহ্নিত মোট /৪।।৩৭ চারি কাঠা আট ছটাক সাঁইত্রিশ স্কোয়ার ফিট পরিমাণ স্থিতিবান রায়তি স্বত্বের জমির অর্দ্ধাংশ

Prafulla Kumar Hazra

অর্দ্ধাংশ /২।১৯ দুই কাঠা চারি ছটাক উনিশ স্কোয়ার ফিট জাম এই তপশীলের বিক্রীত জমি হইতেছে। উক্ত ১।।৶০ আনা জমায় আমারকোন বাকি নাই। বিক্রীত জমির হারাহারি খাজনা ৶২—৫৩। — মূল্য ২৮৬০৲ দুই হাজার আট শত ষাইট টাকা। ইহা কর্পোরেশান প্রেমিসেসভুক্ত জমি হইতেছে।

মৌজা আরাকপুর, খতিয়ান নং ৮০১

| দাগ নং | দেঃ মতে উত্তর সীমানায় | জমির রকম | বিক্রীত জমি |
|---|---|---|---|
| ৮৬৩ আটশত তেষট্টি ১৩০ একশত ত্রিশ | নবাবজান দিং | ডাঙ্গা | /২।১৯ দুই কাঠা চারি ছটাক উনিশ স্কোয়ার ফিট |

বিক্রীত মোট /৪।।১৩৭ চারি কাঠা আট ছটাক সাঁইত্রিশ স্কোয়ার ফিট জামর চৌহদ্দি ঃ—

উত্তর — আরাকপুর মৌজার [illegible]গ
দক্ষিণ — ১৬' ফিট প্রস্থ সাধারণের চলাচলের রাস্তা
পূর্ব — বিক্রেতার নিজ জমি
পশ্চিম — শ্রী খগেন্দ্র কুমার সুরের জমি।

তপশীল পণের টাকার জায

অদ্য রোজ নগদ দস্তু বদস্তু ৫৭০০৲ পাঁচ হাজার সাত শত টাকা মাত্র।
উপরোক্ত পণের সমস্ত টাকা বুঝিয়া পাইয়াছি।

Prafulla Kumar Hazra

টাইপকারক
R. Choudhury.
আলিপুর জজ কোর্ট
২৪ পরগণা

ইসাদী

Harihar Rakshit
Pleader
Judges Court, Alipore.
14.5.56.

Amalendu Datta.
12/1A Lake Temple Road.
Cal. 29.

Dinesh Chandra Kar.
78, Bechu Chatterjee Street
Calcutta.

Suresh Chandra Bhoumik
Judge's Court, Alipore

Scanned with CamScanner